# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

## হাদিস নাম্বারঃ ১৬৯৯

৩. যাকাত অধ্যায় (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ ২৭. সাদাকাতুল ফিতর (যাকাতুল ফিতর) সম্পর্কে

بَاب فِي زَكَاةِ الْفِطْرِ

### আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ يُوسُفَ عَنْ سُفْيَانَ عَنْ عُبَيْدِ اللَّهِ عَنْ نَافِعٍ عَنْ ابْنِ عُمَرَ قَالَ أَمَرَنَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِزَكَاةِ الْفِطْرِ عَنْ كُلِّ صَغِيرٍ وَكَبِيرٍ حُرٍّ أَوْ عَبْدٍ صَاعًا مِنْ شَعِيرٍ أَوْ صَاعًا مِنْ تَمْرٍ قَالَ ابْنُ عُمَرَ فَعَدَلَهُ النَّاسُ بِمُدَّيْنِ مِنْ بُرٍّ

### বাংলা

১৬৯৯. ইবনু উমার রাদ্বিয়াল্লাহু আনহু হতে বর্ণিত আছে, তিনি বলেন, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম ছোট-বড়, স্বাধীন- দাস – নির্বিশেষে প্রত্যেকের পক্ষ থেকে এক সা'আ পরিমাণ যব অথবা এক সা'আ পরিমাণ খেজুর যাকাতুল ফিতর হিসাবে আদায়ের নির্দেশ দিয়েছেন। ইবনু উমার রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, কিন্তু পরবর্তিতে লোকেরা দুই 'মুদ্দ' পরিমাণ গমকে এর সমপরিমাণ ধরে নিয়েছে।[1]

### ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ সহীহ। এটিও বুখারী মুসলিমের সম্মিলিত বর্ণনা।

তাখরীজ: এটি পূর্বের হাদীসটির পুনরাবৃত্তি।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=81982

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন